**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**15 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==============================================================

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর রাচিতে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের হিতাধিকারীদের প্রথম কিস্তির অর্থ প্রদান ।
২) আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার প্রথম দিনের পরীক্ষা শান্তিপূর্ণভাবে সমপন্ন । স্বচ্ছ পরীক্ষা পরিচালনা করার জন্য মুখ্যমন্ত্রীর সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জ্ঞাপন । কাছাড় এবং করিমগঞ্জেও এই পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন ।
৩) বহণক্ষম উন্নয়নের লক্ষ্যে ২০৩০ সালে উপনীত হ ওয়ার পথে আসাম গুরুত্বপূর্ণ অগ্রগতি লাভ করেছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ ।
৪) আসাম সহ উত্তর পূর্ব ভারতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া বিজ্ঞান বিভাগের পূর্বাভাষ ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাঁচীতে ভার্চুয়াল ব্যাবস্থার মাধ্যমে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের হিতাধিকারীদের প্রথম কিস্তির অর্থ প্রদান করেন । হিতাধিকারীদের ব্যাঙ্ক একাউন্টে ৩২ কোটি টাকা ডিজিটেল ব্যাবস্থার মাধ্যমে হস্তান্তরিত করা হয় ।এছাড়া ৩২ হাজার বাসগৃহের আবন্টনপত্র বিতরণ

করা হয় । হিতাধিকারীদের জন্য নতুন করে নির্মাণ করা ৪৬ হাজার বাসগৃহের গৃহ প্রবেশ অনুষ্ঠানও সম্পন্ন করা হয় ।জনসাদারণকে সম্বোধন করে শ্রী মোদী বলেন যে পরবর্তী পাঁচ বছরে ২ কোটি অতিরিক্ত বাসগৃহ নির্মাণ করা হবে । তিনি বলেন যে দেশের জনজাতি ,বঞ্চিত ,নিপীড়িতে ,দলিত ,দিব্যাঙ্গ ও মহিলাদের বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে । প্রধানমন্ত্রী আবাস যোজনা সংশ্লিষ্ট এলাকাগুলির কাজকর্ম ত্বরান্বিত করবে এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেন ।

---

আসাম প্রত্যক্ষ নিযুক্তি আয়োগের অধীন রাজ্য পর্যায়ের নিযুক্তির প্রথম দিনের পরীক্ষা আজ শান্তিপূর্ণ স্বচ্ছ ও সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই পরীক্ষা স্বচ্ছভাবে সম্পন্ন করার জন্য রাজ্য সরকারের সব আধিকারীক - কর্মচারী এবং সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়েছেন । তিনি বলেন যে রাজ্য সরকার সরকারী চাকুরিতে নিযুক্তির ক্ষেত্রে স্বচ্ছতা বাজায় রাখতে বদ্ধ পরিকর । ভবিষ্যতেও এ ধরণের স্বচ্ছ পরীক্ষা অনুষ্ঠিত করে যুবক-যুবতীদের নিযুক্তির সুবিধা প্রদান করা হবে বলে তিনি উল্লেখ করেন । উল্লেখ্য যে রাজ্যের ২ হাজার ৩শো ৫টি পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত এই পরীক্ষায় আজ ১১ লক্ষ ২৩ হাজারের অধিক পরীক্ষার্থী অবতীর্ণ হয় । এই পরীক্ষা সুষ্ঠ ও স্বচ্ছভাবে অনুষ্ঠিত করতে রাজ্য সরকার সব ধরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছিল । এ ছাড়াও পরীক্ষায় অসাধু উপায় অবলম্বন রোধে সরকার কঠোর পদক্ষেপ গ্রহণ করেছিল । এর পরিপ্রেক্ষিতে রাজ্য সরকার আজ সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত মোবাইল ইন্টারনেট , মোবাইল ডেটা এবং ওয়াইফাই সেবা বন্ধ রেখেছিল ।

---

কাছাড় ও করিমগঞ্জ জেলায় আজ কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্য দিয়ে আজ এই পরীক্ষা সম্পন্ন হয়েছে । প্রতিটি পরীক্ষা কেন্দ্রে পর্য্যাপ্ত সংখ্যক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছিল । করিমগঞ্জ জেলার ৫টি জোনে মোট ৩৭টি পরীক্ষা কেন্দ্র ছিল । এরমধ্যে করিমগঞ্জ শহরে ১৮টি কেন্দ্র ছিল । সমগ্র জেলায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১৯ হাজার ৬শ ৪৪ জন । এরমধ্যে ১০ হাজার ৮শ ৯০ জন পুরুষ এবং ৮ হাজার সাতশ ৫৪ জন মহিলা পরীক্ষার্থী ছিলেন । পরীক্ষা চলাকালীন পুলিশ সুপার পার্থ প্রতিম দাসের নেতৃত্বে পুলিশ বাহিনী করিমগঞ্জ শহরে টহল দিয়েছেন ।

---

আগামীকাল সমগ্র দেশে ইসলাম ধর্মাবলম্বী লোকেরা বিভিন্ন কার্যসূচির মাধ্যমে হজরত মহাম্মদের জন্মদিন মিলাদ-উন-নবী পালন করবেন । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু পবিত্র মিলাদ-উন-নবী উপলক্ষ্যে দেশবাসী বিশেষ করে মুসলমান সম্পরদায়ের লোকেদের অভিনন্দন জানিয়েছেন । এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন যে হজরত মহাম্মদ প্রত্যেকের মনে ভালোবাসা এবং ভ্রাতৃত্ববোধের ভাবনাকে শক্তিশালী ভাবে জাগিয়ে তোলার চেষ্টা করে সমাজে সমতা ও ঐক্য স্থাপনের চেষ্টা করে গেছেন । রাষ্ট্রপতি কোরানের এই পবিত্র শিক্ষাকে স্মরণে রেখে মানবতা দিয়ে একটি সুষ্ঠ এবং শান্তির সমাজ গঠনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন ।

---

দিল্লীর মূখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল মূখ্যমন্ত্রী পদ থেকে দুদিন পর পদত্যাগ করবেন । আজ দলের কার্যালয়ে অনুষ্ঠিত এক কার্যসূচীতে আম আদমী পার্টীর নেতা এই সিদ্ধান্ত জানান । তিনি আগামী কয়েকদিনের মধ্যে

আম আদমী পার্টীর বিধায়কদের এক বৈঠক ডেকে নতুন মূখ্যমন্ত্রী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলেও জানান ।
সেইসঙ্গে তিনি আগামী বছরের ফেব্রুয়ারীতে অনুষ্ঠেয় দিল্লী বিধানসভার নির্বাচন নভেম্বরে মহারাষ্ট্র বিধানসভা নির্বাচনের সঙ্গে অনুষ্ঠিত করার দাবী জানান । দিল্লীতে আম আদমী পার্টীর কার্যালয়ে দলীয় কর্মীকে সম্বোধন করে শ্রী কেজরিওয়াল বলেন যে জনসাধারণ রায়দান না করা পর্যন্ত তিনি মূখ্যমন্ত্রীর আসনে বসবেন না । উল্লেখ্য সুপ্রীম কোর্ট দিল্লী আবগারী নীতি মামলায় গত শুক্রবার তাকে জামিন প্রদান করেছে ।

---

দূরদর্শন আজ নিজের গৌরবময় যাত্রার ৬৫ বছর সম্পূর্ণ করেছে । ১৯শো ৫৯ সালের ১৫ সেপ্টেম্বর প্রতিষ্ঠা হওয়া দূরদর্শনের মাধ্যমে ভারতে সম্প্রচার যুগের সূচনা হয়েছিল । তদানিন্তন রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদ আনুষ্ঠানিক ভাবে দূরদর্শনের এই যাত্রার শুভারম্ভ করেছিলেন । ১৯শো ৭৫ সাল পর্যন্ত দূরদর্শন আকাশবাণীর একটি অন্যতম শাখা হিসেবে অনুষ্ঠান পরিচালনা করেছিল । ১৯শো ৭৬ সালের পয়লা এপ্রিল দূরদর্শন তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের একটি পৃথক বিভাগে রূপান্তরিত হয় এবং পরবর্তী সময়ে প্রসার ভারতীর অধীনে আসে । আজও দূরদর্শন ভারতের সর্ববৃহৎ সম্প্রচার মাধ্যম হিসেবে পরিচিত ।

---

আজ অভিযন্তা দিবস । মহান অভিযন্তা স্যার এম বিশ্বেশ্বরৈয়ার জন্মজয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে পালন করা এই দিবস উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রযুক্তি ক্ষেত্রের বিশেষজ্ঞদের শুভেচ্ছা

জানিয়েছেন ।প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রগতি ,উদ্ভাবন ও জটিল প্রত্যাহ্বানের সমাধানের ক্ষেত্রে অভিযন্তাদের অবদানের কথা স্বীকার করেন । স্যার এম বিশ্বেশ্বরৈয়ার প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে শ্রী মোদী বলেন যে অভিযান্ত্রিক ক্ষেত্রে তাঁর অবদান আজও দেশের লক্ষ লক্ষ মানুষকে অনুপ্রাণিত করে আসছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও অভিযন্তা দিবস উপলক্ষ্যে প্রযুক্তির সঙ্গে জড়িত লোকেদের অভিনন্দন জানিয়ে বলেন যে বিকাশ ও উদ্ভাবনের ক্ষেত্রে অভিযন্তারা একটি দেশের মেরুদন্ডস্বরূপ ।প্রগতির লক্ষ্যে অগ্রসর ভবিষ্যত গড়ার ক্ষেত্রে অভিযন্তাদের অবদানের বিষয়েও তিনি উল্লেখ করেন ।
মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মাও স্যার এম বিশ্বেশ্বরৈয়ার প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে সামাজিক মাধ্যমে দেশ নির্মাণের কারিগর অভিযন্তাদের অবদানকে স্বীকৃতি প্রদান করেন ।

---

ফ্রান্সের একটি প্রযুক্তি কোম্পানী দাসেল্ট আসামে ২শো কোটি টাকা বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । রাজ্যের প্রযুক্তি ও উদ্ভাবণী প্রযুক্তির প্রশিক্ষণের ক্ষেত্রে ফ্রান্সের এই কোম্পানী বিনিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । এই প্রকল্পে রাজ্য সরকার ৪০ কোটি টাকার সহায়তা প্রদান করবে বলেও তিনি জানিয়েছেন । অসম অভিযান্ত্রিক মহাবিদ্যালয়ের তত্বাবোধানে এই প্রকল্প রূপায়িত হবে । এই প্রকল্পের অধীনে বিমান পরিবহণ , প্রতিরক্ষা , মহাকাশ এবং বৈদ্যুতিক ক্ষেত্রেও রাজ্যের কারিগরী ক্ষেত্রের শিক্ষার্থিদের প্রশিক্ষণ প্রদান করা হবে ।

---

আসাম বহণক্ষম উন্নয়নের লক্ষ্যে ২০৩০ সালে উপনীত হওয়ার পথে গুরুত্বপূর্ণ অগ্রগতি লাভ করেছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা প্রকাশ করেছেন । বিভিন্ন উন্নয়নমূলক কার্যসূচির কার্যকর রূপায়নের মাধ্যমে আসাম দরিদ্রতার সঙ্গে মোকাবিলা করে এই লক্ষ্যের প্রথম স্তর সফলতার সঙ্গে অতিক্রম করেছে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন । এই স্তরে চা বাগানের লোকেদের দক্ষতা বিকাশের জন্য সহায়তা তহবিল বন্টন করা হয়েছিল । চা বাগানের মহিলাদের স্বাবলম্বী করে তুলতে প্রয়োজনীয় আর্থিক সহায়তাও প্রদান করা হয়েছিল । অন্যদিকে , শহীদ দয়াল দাস পানিকা স্বনির্ভর প্রকল্পের অধীনে চা জনগোষ্ঠীর যুবকদের স্বনির্ভতর জন্য আর্থিক সহায়তা বরাদ্দ করা হয়েছিল । মহাত্মাগান্ধী জাতীয় গ্রামীন নিয়োগ নিশ্চিতকরণ প্রকল্পের অধীনে চা বাগান সম্প্রদায়ের লোকেদের উপার্জনের সুবিধা প্রদান করা হয়েছিল । একই ভাবে আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা এবং আয়ুষ্মান আসাম মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে প্রত্যেক হিতাধিকারী পরিবারকে নগদ ধনবিহীন চিকিৎসা সুবিধা প্রদানের ক্ষেত্রে রাজ্য সরকার সফলতা অর্জন করেছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রনালয় জানিয়েছে যে সরকার ক্রেতাদের সুলভ মূল্যে পেঁয়াজ সরবরাহ করার জন্য পাইকারী বিক্রীর নীতি গ্রহণ করেছে । মন্ত্রনালয় জানিয়েছে যে সরকার বর্ধিত চাহিদা জনিত পরিস্থিতি এবং নিদৃষ্ট মূল্য ধারার ভিত্তিতে পঁয়াজের নির্ধারিত এবং স্থির সরবরাহ সুনিশ্চিত করার জন্য রাজ্য সরকার গুলির সঙ্গে সমন্বয় রক্ষা করে কাজ করে চলেছে । দেশের প্রত্যেকটি পরিবারের কাছে বহণসাধ্য মূল্যে পেঁয়াজের সরবরাহ সুনিশ্চিত করা সরকারের মূল উদ্দেশ্য বলে মন্ত্রনালয় প্রকাশ করেছে । কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রনালয় আরো জানিয়েছে যে সরকার পেঁয়াজের মূল্যের ওপর সতর্ক দৃষ্টি রেখে চলেছে । কেন্দ্রীয় সরকারের রেহাই মূল্যে

পেঁয়াজের খুচরো বিক্রীর জন্য গৃহিত ব্যবস্থার জন্য সামগ্রী বিধির মূল্য হ্রাস পেয়েছে বলেও মন্ত্রনালয় জানিয়েছে ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ পশ্চিবঙ্গ , ওড়িষ্যা এবং ঝারখন্ডের গঙ্গা অববাহিকায় প্রবল বৃষ্টিপাত সহ বন্যা পরিস্থিতি সৃষ্টি হওয়ার আগাম সতর্কবার্তা জারী করেছে । একই সঙ্গে বিভাগ ছত্তিশগড় এবং পূর্ব মধ্য প্রদেশেও বৃষ্টিপাতের সম্ভানা রয়েছে বলে জানিয়েছে । এর পরিপ্রেক্ষিতে নিম্ন চাপের ফলে বিহার এবং আসাম সহ উত্তর পূর্ব ভারতেও ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাষ জারী করা হয়েছে । গৌহাটি মহানগরীতে আজ তাপমাত্রা ৩৬ ডিগ্রী সেলসিয়াস থেকে ২৭ ডিগ্রী সেলসিয়াস ছিল । একই ভাবে শিলচরে আজ তাপমাত্রা ৩৫ ডিগ্রী সেলসিয়াস থেকে ২৫ ডিগ্রী সেলসিয়াসের মধ্যে ওঠা নামা করেছে ।

---

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির অনুশাসন কমিটির লাগাতার কয়েকটি বৈঠকে কমিটির অধীন বিভিন্ন জেলা , ব্লক সমিতি  এবং তৃণমূল পর্যায়ের কর্মীদের থেকে পাওয়া সাম্প্রতিক লোকসভা নির্বাচনের সময় সংঘটিত বিভিন্ন দলীয় কার্যকলাপ সম্পর্কীত শুনানী গ্রহণ করা হয় । ওই সময় কমিটি হাইলাকান্দি সহ গোয়ালপারা , কামরূপ , লখিমপুর , মাজুলী , তিনসুকীয়া , কোকরাঝার , ধেমাজী , ধুবরী জেলার ব্লক এবং মন্ডল কমিটি সহ অন্যান্য পদাধিকারীদের থেকে ৫৬টিরও অধিক দল বিরোধী কার্যকলাপ সম্পর্কীত অভিযোগ গ্রহণ করে । এ সম্পর্কে কমিটি আসাম প্রদেশ কংগ্রেসের তত্বাবধায়ক জীতেন্দ্র সিং এবং প্রদেশ কংগ্রেসের সভাপতি

ভূপেন বরার সঙ্গে কয়েকটি বৈঠকে অংশ গ্রহণ করে । তদন্তের পর ৫ জন দলীয় কর্মীর বিরুদ্ধে অনুশাসন ভঙ্গের অভিযোগের ভিত্তিতে ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় । হাইলাকান্দি জেলা কংগ্রেস সমিতির সভাপতি সামস উদ্দিন লস্করকেও কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়েছে ।

---

শিলচর রোটারী গ্রীনল্যান্ড ক্লাবের উদ্যোগে গতকাল মেহেরপুরের একটি বিবাহ ভবনে ৭৩ জন শিক্ষক-শিক্ষিকাকে শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য সংবর্ধনা জানানো হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মূখ্য অতিথি হিসেবে রোটারীর প্রাক্তন সহকারী গভর্ণর তৈমুর রাজা চৌধুরী এবং সম্মানিত অতিথি হিসেবে শিলচর মেডিকল কলেজ ও হাসপাতালের প্রাক্তন অধ্যাপক ডক্টর গিরিধারী কর , ক্লাবের সভাপতি ডক্টর অমিত কালোয়ার প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি শহরের নিকটবর্তী টেমপুর গ্রামে গতকাল সন্ধ্যায় একটি দু:সাহসিক চুরি ঘটনা সংঘটিত হয়েছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে টেমপুর গ্রামের প্রতিষ্ঠিত ব্যবসায়ী বিদ্যুৎ দাসের ঘরে গতকাল সন্ধ্যায় পাঁচ-ছয়জনের চোরের দল প্রবেশ করে নগদ অর্থ ,স্বর্নালংকার সহ মূল্যবান সামগ্রী নিয়ে যায় । সেইসময় বিদ্যুত দাস ও তার পরিবার ঘরে ছিলেন না । পুলিশ ঘটনাস্থলে পৌছে তদন্ত শুরু করেছে ।

---

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে স্মার্ট মিটার প্রত্যাহারের দাবী জানিয়ে আজ ছোট দুধপাতিল গ্রামে একটি প্রতিবাদী সভা অনুষ্ঠিত হয়েছে । রুহুল আমীন লস্করের পৌরহিত্যে আয়োজিত সভায় অবিলম্বে স্মার্ট মিটার বাতিলের দাবী জানিয়ে কমিটির উপদেষ্টা নির্মাল কুমার দাস , সহ-সভাপতি চাম্পালাল দাস , সাধারন সম্পাদক অরিন্দম দেব , ইউনিশ আলী চৌধুরী প্রমূখ বক্তব্য রাখেন ।